সংবাদ

তারিখ 03 JAN 2016
পৃষ্ঠা ১২ কলাম ৬

রায়পুরায় প্রাথমিক সমাপনী পরীক্ষা

# বিয়াম ল্যাবরেটরি স্কুল জেলায় প্রথম

প্রতিনিধি, রায়পুরা (নরসিংদী)

উপজেলা রায়পুরা উপজেলা পরিষদের নিয়ন্ত্রিত বিয়াম ল্যাবরেটরি স্কুল থেকে প্রাথমিক বিদ্যালয়ের সমাপনী পরীক্ষায় এ বছর পাসের হার শতভাগ পরীক্ষার্থীর সংখ্যা ৪২ জন, জিপিএ. পেয়েছে ৩২ জন বাকি ১০ জন এ গ্রেডে উত্তীর্ণ হয়েছে। অন্যদিকে রায়পুরা প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যায় ২০৩, কিন্ডার গার্টেন সর্বমোট ২৯৬, এ বছর সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করেছে বার হাজার ১১৯ জন পাসের হার ৯৮.৬৭, জিপিএ ৫ পেয়েছে প্রাথমিক বিদ্যালয়গুলো থেকে ৫০২ জন।

ফলাফল প্রকাশের পর ব্যায়াম ল্যাবরেটরি স্কুলের অধ্যক্ষ রফিকুল ইসলাম রায়পরা উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষে ছাত্র-ছাত্রীদের ও অভিভাবকদের একটি মিলন মেলা অনুষ্ঠিত হয়।

ছাত্র-ছাত্রী অভিভাবকদের উদ্দেশে উপজেলা নির্বাহী অফিসার আব্দুল মতিন বলেন. পড়াশোনার পাশাপাশি আরো অধিকতর শিক্ষা গ্রহণ করতে হবে। যেমন : খেলাধুলা, সঙ্গীত, নিত্য এগুলোও ছাত্রছাত্রীদের জন্য প্রয়োজন। ব্যায়াম স্কুলের সভাপতি উপজেলা নির্বাহী অফিসার আব্দুল মতিন ও বিদ্যালয়ের উপদেষ্টা উপজেলা চেয়ারম্যান মিজানুর রহমান চৌধুরী বলেন, তোমরা আগামী দিনের ভবিষ্যৎ দেশ ও জাতির উন্নয়নে তোমাদের ভূমিকা থাকবে প্রশংসনীয়।